রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ২৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/২০ মে ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ১২৯-আইন/২০১৯।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন "গ্লাস এন্ড সিলিকেট" শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক সুপারিশকৃত নিম্নের তপশিলসমূহে বর্ণিত নিম্নতম মজুরির হারকে, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, যথাক্রমে, উক্ত সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে ঘোষণা করিল, যথা :—

তপশিল 'ক'

গ্লাস শিল্প প্রতিষ্ঠান
(শ্রমিক মজুরি)

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণিবিভাগ ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) [বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%] | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। শিফট ইনচার্জ<br>২। এম,টি/এম,ও<br>৩। ফোরম্যান | বিভাগীয় ও জেলা শহর | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৬৫০০/- |


মূল্য ঃ টাকা ১২.০০

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৪। ব্লোয়ার<br>৫। জমাদার<br>৬। ফার্নেসম্যান<br>৭। ড্রাফটসম্যান<br>৮। সিনিয়র ফিটার<br>৯। লেদারম্যান/টার্নার | | | | | | |
| | ১০। সিএডি অপারেটর<br>১১। অপারেটর (আইএস)<br>১২। মাস্টার টেকনিশিয়ান<br>১৩। হাই স্কিল্ড টেকনিশিয়ান<br>১৪। জগ হ্যান্ডেল ফিটারম্যান<br>১৫। বয়লার মিস্ত্রী/বয়লার এটেনডেন্ট (ফাস্ট ক্লাস)<br>১৬। উচ্চতর দক্ষ শ্রমিক/ সমমান (বিভিন্ন বিভাগ) | অন্যান্য এলাকা | ১০০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৫৫০০/- |
| ২। | **দক্ষ-১:**<br>১। ফিটার<br>২। টার্নার<br>৩। ব্লাকস্মিথ<br>৪। কার্পেন্টার<br>৫। প্রেসম্যান<br>৬। অপারেটর<br>৭। ওয়েল্ডার<br>৮। মিলিংম্যান<br>৯। মেকানিক<br>১০। রোলারম্যান<br>১১। সেপারম্যান | বিভাগীয় ও জেলা শহর | ৯১৭০/- | ৪৫৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১৫২৫৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ১২। জয়েন্ট ব্লোয়ার<br>১৩। হেড লেয়ার চেকার<br>১৪। মেশিনম্যান/ মেশিনিস্ট<br>১৫। সহকারী ফোরম্যান/সমমান<br>১৬। কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টর<br>১৭। সিনিয়র ইন্সট্রুমেন্ট টেকনিক্যাল<br>১৮। বয়লার মিস্ত্রী/ বয়লার এটেনডেন্ট (সেকেন্ড ক্লাস)<br>১৯। এইচ,এস,টি/এইচ,এস,ও/ সমমান (বিভিন্ন বিভাগ) | অন্যান্য এলাকা | ৯১৭০/- | ৩৬৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১৪৩৩৮/- |
| ৩। | দক্ষ-২:<br>১। মেসন<br>২। ফায়ারম্যান<br>৩। ইন্সট্রুমেন্ট টেকনিশিয়ান<br>৪। ওয়াটার পাইপ ফিটার<br>৫। ব্রুশাওয়ালা/পোলিশম্যান<br>৬। বাবলার/বাবল মেকার<br>৭। প্রেস হ্যান্ডেলম্যান-১ | বিভাগীয় ও জেলা শহর | ৮৩৪০/- | ৪১৭০/- | ১০০০/- | ৫০০/- | ১৪০১০/- |
| | ৮। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-১<br>৯। এস,টি-১/এস,ও-১/সমমান<br>১০। সিনিয়র লেয়ার চেকার/সমমান<br>১১। সহকারী শিফট ইনচার্জ/ সহকারী জমাদার<br>১২। সহকারী ফিটার/ ওয়েল্ডার/ টার্নার/ অপারেটর/ সমমান (বিভিন্ন বিভাগ) | অন্যান্য এলাকা | ৮৩৪০/- | ৩৩৩৬/- | ১০০০/- | ৫০০/- | ১৩১৭৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | আধা দক্ষ-১:<br>১। মিল্টার<br>২। স্প্রেম্যান<br>৩। গ্রাইন্ডার<br>৪। চেকার<br>৫। কাচ ধোলাই<br>৬। প্রেসকুলার<br>৭। মেশিনকুলার<br>৮। বাবরীওয়ালা-১<br>৯। প্রেস হ্যান্ডেলম্যান-১<br>১০। হ্যান্ডেলওয়ালা | বিভাগীয় ও জেলা শহর | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৫০০/- | ১২৭৫০/- |
| | ১১। মেসিন এয়ারম্যান<br>১২। আড্ডা কাটিংম্যান<br>১৩। জুনিয়র টেকনিশিয়ান<br>১৪। ডাইসম্যান/ প্রেস ডাইসম্যান-১<br>১৫। চিমনি কাটিং/জার কাটার<br>১৬। লেয়ার চেকার/সমমান<br>১৭। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-২<br>১৮। এস,টি-২/এস,ও-২/ সমমান (বিভিন্ন বিভাগ) | অন্যান্য এলাকা | ৭৫০০/- | ৩০০০/- | ১০০০/- | ৫০০/- | ১২০০০/- |
| ৫। | আধা দক্ষ-২:<br>১। ফিল্টার হেলপার<br>২। আড্ডা হেলপার<br>৩। সহকারী ওয়েল্ডার<br>৪। প্রেসম্যান হেলপার<br>৫। ফায়ারম্যান হেলপার<br>৬। কার্পেন্টার হেলপার<br>৭। মেশিনম্যান হেলপার<br>৮। সহকারী অপারেটর | বিভাগীয় ও জেলা শহর | ৬১৭০/- | ৩০৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১০৭৫৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৯। সহকারী সেপারম্যান<br>১০। সহকারী মিলিংম্যান<br>১১। জার গ্রাইন্ডার হেলপার<br>১২। সেমি স্কিল্ড টেকনিশিয়ান<br>১৩। ফাইলম্যান/ফিটার হেলপার<br>১৪। মোল্ডা হেলপার/আড্ডা ডাইসম্যান<br>১৫। এস,এস,টি/এস,এস,ও/ সমমান<br>১৬। আধা-দক্ষ শ্রমিকগণ/ সমমান (বিভিন্ন বিভাগ) | অন্যান্য এলাকা | ৬১৭০/- | ২৪৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১০১৩৮/- |
| ৬। | অদক্ষ :<br>১। হুইয়াল<br>২। প্যাকার<br>৩। ব্রেকার<br>৪। যোগালী<br>৫। ঠান্ডাওয়ালা<br>৬। কোলীম্যান<br>৭। স্যান্ডওয়াসার | বিভাগীয় ও জেলা শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৫০০/- | ৯০০০/- |
| | ৮। বাবরীওয়ালা-২<br>৯। প্রেস ডাইসম্যান-২<br>১০। প্রেস হ্যান্ডেলম্যান-২<br>১১। ফায়ারম্যান হেলপার<br>১২। কেমিক্যাল মিক্সিংম্যান<br>১৩। সাধারণ শ্রমিক/হেলপার<br>১৪। অদক্ষ শ্রমিকগণ (ইউ এস ডব্লিউ) | অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৫০০/- | ৮৫০০/- |
| ৭। | শিক্ষানবিশ শ্রমিক | শিক্ষানবিশকালে একজন শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে = ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

## তপশিল 'খ'

## সিলিকেট শিল্প প্রতিষ্ঠান
## (শ্রমিক মজুরি)

| ক্রমিক নং | শ্রমিক শ্রেণিবিভাগ ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) [বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%] | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | **উচ্চতর দক্ষ :** ১। এম,টি/এম,ও ২। উচ্চতর দক্ষ শ্রমিক/ সমমান | বিভাগীয় ও জেলা শহর | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৬৫০০/- |
| | | অন্যান্য এলাকা | ১০০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৫৫০০/- |
| ২। | **দক্ষ-১ :** ১। স্কিল্ড শ্রমিক-১ ২। এইস,এস,টি/ এইচ,এস,ও/ সমমান | বিভাগীয় ও জেলা শহর | ৯১৭০/- | ৪৫৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১৫২৫৫/- |
| | | অন্যান্য এলাকা | ৯১৭০/- | ৩৬৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১৪৩৩৮/- |
| ৩। | **দক্ষ-২ :** ১। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-১ ২। এস,টি-১/ এস,ও-১/সমমান | বিভাগীয় ও জেলা শহর | ৮৩৪০/- | ৪১৭০/- | ১০০০/- | ৫০০/- | ১৪০১০/- |
| | | অন্যান্য এলাকা | ৮৩৪০/- | ৩৩৩৬/- | ১০০০/- | ৫০০/- | ১৩১৭৬/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| ৪। | আধা-দক্ষ-১:<br>১। সেমি স্কিল্ড টেকনিশিয়ান-২<br>২। এস,টি-২/ এস,ও-২/সমমান | বিভাগীয় ও জেলা শহর | ৭৫০০/- | ৩৭৫০/- | ১০০০/- | ৫০০/- | ১২৭৫০/- |
| | | অন্যান্য এলাকা | ৭৫০০/- | ৩০০০/- | ১০০০/- | ৫০০/- | ১২০০০/- |
| ৫। | আধা-দক্ষ-২:<br>১। এস,এস,টি/ এস,এস ও/সমমান<br>২। আধা-দক্ষ শ্রমিকগণ (বিভিন্ন বিভাগ/ সমমান) | বিভাগীয় ও জেলা শহর | ৬১৭০/- | ৩০৮৫/- | ১০০০/- | ৫০০/- | ১০৭৫৫/- |
| | | অন্যান্য এলাকা | ৬১৭০/- | ২৪৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১০১৩৮/- |
| ৬। | অদক্ষ :<br>১। সাধারণ শ্রমিক/ হেলপার<br>২। অদক্ষ শ্রমিকগণ/ ইউ এস ডব্লিউ | বিভাগীয় ও জেলা শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৫০০/- | ৯০০০/- |
| | | অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৫০০/- | ৮৫০০/- |
| ৭। | শিক্ষানবিশ শ্রমিক | শিক্ষানবিশকালে একজন শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে=৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

## তপশিল 'গ'

## গ্লাস এন্ড সিলিকেট শিল্প প্রতিষ্ঠান
(কর্মচারী মজুরি)

| ক্রমিক নং | কর্মচারী শ্রেণিবিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | এলাকা | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) [বিভাগীয় ও জেলা শহরে মূল মজুরির ৫০% ও অন্যান্য এলাকায় মূল মজুরির ৪০%] | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | গ্রেড-১ :<br>১। পার্সোনাল এ্যাসিস্ট্যান্ট<br>২। উচ্চমান সহকারী<br>৩। হিসাব রক্ষক<br>৪। সিনিয়র ক্লার্ক<br>৫। সুপারভাইজার<br>৬। ইলেকট্রিশিয়ান<br>৭। ড্রাইভার হেভী (লাইসেন্সপ্রাপ্ত)<br>৮। অটো মেকানিক<br>৯। অটো ইলেকট্রিশিয়ান | বিভাগীয় ও জেলা শহর | ১০০০০/- | ৫০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৬৫০০/- |
| | | অন্যান্য এলাকা | ১০০০০/- | ৪০০০/- | ১০০০/- | ৫০০/- | ১৫৫০০/- |
| ২। | গ্রেড-২ :<br>১। ক্যাশিয়ার<br>২। স্টোর কিপার<br>৩। টাইম কিপার<br>৪। রেকর্ড কিপার<br>৫। স্কেল অপারেটর<br>৬। এক্সপোর্ট সহকারী | বিভাগীয় ও জেলা শহর | ৬৬৭০/- | ৩৩৩৫/- | ১০০০/- | ৫০০/- | ১১৫০৫/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
|---|---|---|---|---|---|---|---|
| | ৭। সিকিউরিটি হাবিলদার<br>৮। অফিস সহকারী/ক্লার্ক<br>৯। সহকারী হিসাবরক্ষক<br>১০। টেলিফোন অপারেটর<br>১১। টাইপিস্ট/কম্পিউটার অপারেটর<br>১২। ড্রাইভার(মিডিয়াম/ লাইট লাইসেন্সপ্রাপ্ত)<br>১৩। জুনিয়র ইলেকট্রিশিয়ান | অন্যান্য এলাকা | ৬৬৭০/- | ২৬৬৮/- | ১০০০/- | ৫০০/- | ১০৮৩৮/- |
| ৩। | গ্রেড-৩ :<br>১। বাবুর্চী<br>২। সেলসম্যান<br>৩। রেকর্ড সর্টার<br>৪। ডেসপাসম্যান<br>৫। অটো হেলপার<br>৬। ক্লিনার/ঝাড়ুদার | বিভাগীয় ও জেলা শহর | ৫০০০/- | ২৫০০/- | ১০০০/- | ৫০০/- | ৯০০০/- |
| | ৭। ডেলিভারীম্যান<br>৮। সহকারী স্টোর কিপার<br>৯। সহকারী টাইম কিপার<br>১০। সহকারী রেকর্ড কিপার<br>১১। সহকারী ইলেকট্রিশিয়ান<br>১২। পিয়ন/এম,এলএস,এস<br>১৩। দারোয়ান/নিরাপত্তা প্রহরী/সিকিউরিটি গার্ড | অন্যান্য এলাকা | ৫০০০/- | ২০০০/- | ১০০০/- | ৫০০/- | ৮৫০০/- |
| ৪। | শিক্ষানবিশ কর্মচারী | শিক্ষানবিশকালে একজন শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে=৬৫০০ (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্ত হইবেন। | | | | | |

## শর্তাবলি

১। উপরি-উক্ত তপশিল- 'ক', 'খ' ও 'গ', অতঃপর তপশিল বলিয়া উল্লিখিত, তে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদি বাংলাদেশে অবস্থিত সকল "গ্লাস এন্ড সিলিকেট" শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর জন্য প্রযোজ্য হইবে।

২। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ তপশিলে উল্লিখিত হার অনুযায়ী মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরি প্রাপ্ত হইবেন।

৩। এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণকে তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশ করিয়া মজুরি নিবন্ধনভুক্তকরতঃ মজুরি স্লিপ প্রদান করিতে হইবে।

৪। তপশিলে উল্লিখিত পদবিন্যাস ব্যতীত যদি শ্রমিক ও কর্মচারীর অতিরিক্ত কোনো পদ উক্ত শিল্প সেক্টরে পূর্ব হইতে বিদ্যমান থাকে অথবা পরবর্তীতে সংযোজিত হয়, তাহা হইলে সংশ্লিষ্ট পদকে তপশিলে উল্লিখিতভাবে যথাযথ শ্রেণি বা গ্রেডে অন্তর্ভুক্ত করিয়া তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে।

৫। তপশিলে উল্লিখিত মজুরি উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণের মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং কোনো কারণেই কোনো শ্রমিক বা কর্মচারীকে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতর মজুরি প্রদান করা যাইবে না। কোনো শ্রমিক বা কর্মচারী ইতোমধ্যে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিক হারে মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে তাহার উক্ত মজুরি হ্রাস করা যাইবে না। তবে, নিয়োগকর্তা বা মালিক ইচ্ছা করিলে, স্ব-উদ্যোগে এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী, শ্রমিক ও কর্মচারীগণকে তপশিলে উল্লিখিত মজুরি হার অপেক্ষা অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৬। উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে শ্রেণি বা গ্রেডে কর্মরত আছেন, সেই শ্রেণি বা গ্রেডেই তাহাদিগকে স্থলাভিষিক্ত করিয়া, তপশিলে উল্লিখিত মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক, তাহাদের মজুরি নির্ধারণ করিতে হইবে এবং কোনো শ্রমিক বা কর্মচারীকে কোনো কারণেই নিম্নশ্রেণি বা গ্রেডভুক্ত করা যাইবে না।

৭। উক্ত শিল্প সেক্টরের কোনো মালিক যদি কোনো শ্রমিককে ফুরণভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তাহা হইলে উক্ত মজুরির হারকে এইরূপে সংশোধন করিতে হইবে যেন সংশ্লিষ্ট শ্রেণিভুক্ত শ্রমিকগণের জন্য তপশিলে যে নিম্নতম মজুরি নির্ধারণ করা হইয়াছে, তাহা অপেক্ষা তিনি নিম্নতর মজুরি প্রাপ্ত না হন।

৮। কোনো শ্রমিক কোনো ঠিকাদারের মাধ্যমে উক্ত শিল্প সেক্টরে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে, উক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ (৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং সংশ্লিষ্ট শ্রমিকের ঠিকাদারের নিকট হইতে প্রাপ্য পাওনাদি গ্রহণের ক্ষেত্রে কোনো সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মালিকের উপর বর্তাইবে। কোনো ঠিকাদার কোনো শ্রমিককে, যে কোনো কারণেই হউক না কেন, তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি অপেক্ষা নিম্নতর মজুরি প্রদান করিতে পারিবেন না এবং উক্ত আইনের ধারা ১২১, ১৫০ ও ১৬১ এর বিধান মোতাবেক তাহাকে মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৯। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও উক্ত শিল্প সেক্টরের শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠান হইতে ইতোমধ্যে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা ও ভাতাদি প্রাপ্ত হইতেছেন, তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১০। এই প্রজ্ঞাপনে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ১ (এক) বৎসর কর্মরত থাকিবার পর শ্রমিক বা কর্মচারীগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরি ৫% হারে বৃদ্ধি পাইবে।

১১। শ্রমিকগণের শিক্ষানবিশকাল হইবে ৩ (তিন) মাস। তবে কোনো কারণে উক্ত সময়ে কাজের মান নির্ণয় করা সম্ভব না হইলে, শিক্ষানবিশকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট শ্রমিক সংশ্লিষ্ট শ্রেণির সংশ্লিষ্ট পদে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

১২। কর্মচারীগণের শিক্ষানবিশকাল হইবে ৬ (ছয়) মাস। শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে সংশ্লিষ্ট কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের সংশ্লিষ্ট পদে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং তদ্‌ধীন প্রণীত বিধিমালা অনুযায়ী ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের কর্মঘণ্টা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং তদ্‌ধীন প্রণীত বিধিমালা অনুযায়ী নির্ধারিত হইবে।

১৫। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও ভাতাদির মেয়াদকাল বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

১৬। উপরি-উক্ত শর্তাবলির কোনো অংশ বিদ্যমান কোনো আইনের সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হানিফ সিকদার
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd